দৈনিক ইত্তেফাক
15 MAR 2008
৪

# সরকারি কর্মকর্তারা পাঁচটির বেশি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হতে পারবে না

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি অথবা ব্যবস্থাপনা কমিটির সভাপতি হওয়ার ক্ষেত্রে নতুন নিয়ম চালু করতে যাচ্ছে সরকার। প্রস্তাবিত এই নিয়ম চালু হলে প্রশাসনের কোন কর্মকর্তা পাঁচটির বেশি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন না। সেই ক্ষেত্রে প্রশাসনের অন্য কোনো প্রথম শ্রেণীর কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যোৎসাহী সদস্য হিসাবে যে কাউকে সভাপতির দায়িত্ব দেয়া হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, শিক্ষা প্রতিষ্ঠানে অনিয়ম রোধে ২০০৬ সালের ১২ নভেম্বর সরকার গভর্নিং বডি ও ব্যবস্থাপনা কমিটিতে রাজনৈতিক ব্যক্তিদের সভাপতি পদ থেকে বাদ দিয়ে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তার মনোনীত নিরপেক্ষ কোন ব্যক্তিকে বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতি করার নিয়ম চালু করে। এই নিয়মের ফলে প্রশাসনের কোন কোন কর্মকর্তা অর্ধশতাধিক প্রতিষ্ঠানেরও সভাপতি হিসাবে দায়িত্ব পেয়েছেন। কিন্তু কার্যক্ষেত্রে তারা সঠিকভাবে এ দায়িত্ব পালন করতে পারছেন না। সে কারণে নানা সমস্যা সৃষ্টি হচ্ছে। সভাপতির সময়ের অভাবের কারণে বহু শিক্ষা প্রতিষ্ঠানে মাসের পর মাস গভর্নিং বডি বা ব্যবস্থাপনা কমিটির সভা হচ্ছে না। তাছাড়া কোন কোন সভাপতির বিরুদ্ধে অভিযোগও উঠছে। এই পটভূমিতে নতুন নিয়ম চালুর প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়েছে। সরকারের উচ্চ পর্যায়ের অনুমোদন সাপেক্ষে শীঘ্রই এ সংক্রান্ত পরিপত্র জারি করা হবে বলে তিনি জানান।